কালের কণ্ঠ

তারিখ ১18 MAY 2015
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ২ ......

# বিনা মূল্যে ল্যাপটপ পাচ্ছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫০ শিক্ষার্থী

টেক প্রতিদিন ডেস্ক ▷

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫০ জন মেধাবী ও অসচ্ছল শিক্ষার্থীকে বিনা মূল্যে ল্যাপটপ দিচ্ছে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগ। জাতিসংঘের সাউথ সাউথ এডুকেশন ফাউন্ডেশনের অর্থায়নে এসব ল্যাপটপ দেওয়া হবে। আজ ঢাকার স্থানীয় একটি হোটেলে আনুষ্ঠানিকভাবে এসব ল্যাপটপ হস্তান্তর করা হবে বলে আইসিটি বিভাগ থেকে জানানো হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ। এ সময় সাউথ সাউথ এডুকেশন ফাউন্ডেশনের ভাইস চেয়ারম্যান এবং ইউএনওএসএসসির পরিচালক উপস্থিত থাকবেন।